# অতীত থেকে শিক্ষা না নিলে বর্তমান সরকারকেও পালাতে হবে: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

অতীতের ঘটনাগুলো থেকে শিক্ষা না নিলে বর্তমান সরকারকেও একসময় দেশ ছেড়ে পালাতে হতে পারে বলে হুঁশিয়ারি দিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

শনিবার (৫ সেপ্টেম্বর) বিকেলে ফেনীর মহীপালে ১১ দলীয় ঐক্যের পথসভায় বক্তব্য দেওয়ার সময় তিনি এ মন্তব্য করেন।

জামায়াত আমির বলেন, সরকার বারবার জনগণের দাবি উপেক্ষা করে মানুষের সঙ্গে প্রতারণা করছে। দেশের বিভিন্ন সংকটের সময় অন্য রাজনৈতিক দলগুলো দেশকে ফেলে বিদেশে চলে গেছে বলেও অভিযোগ করেন তিনি। তবে জামায়াতে ইসলামী কখনো দেশ ছেড়ে পালিয়ে যায়নি বলে দাবি করেন ডা. শফিকুর রহমান।

তিনি বলেন, জনগণের অধিকার নিয়ে কোনো ধরনের স্বেচ্ছাচারিতা করা হলে বিরোধী দল তা মেনে নেবে না। প্রয়োজনে সবাইকে আবারও জীবনের ঝুঁকি নিয়ে রাজপথে নামার প্রস্তুতি রাখার আহ্বান জানান তিনি।

এদিকে একই পথসভায় বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, কোনো আঘাত এলে তার জবাব দেওয়ার জন্যও প্রস্তুত থাকতে হবে।

তিনি জানান, ঢাকায় অনুষ্ঠিতব্য মহাসমাবেশ থেকেই রাজনৈতিক কর্মসূচি নিয়ে চূড়ান্ত ঘোষণা দেওয়া হবে। তবে চূড়ান্ত ঘোষণার আগেই সরকার ছয় দফা দাবি মেনে নিলে বিরোধী দল কঠোর কর্মসূচি থেকে সরে আসবে বলেও জানান নাহিদ ইসলাম।

LENS ASIA